


ধার্মিকের জন্য কারোরই মৃত্যুবরণের প্রয়োজন নেই, সজ্জনের জন্য কেউ প্রাণ দিলেও দিতে পারে। কিন্তু আমাদের প্রতি ঈশ্বরের প্রেমের পরাকাষ্ঠা এই যে আমরা যখন পাপী ছিলাম তখনই খ্রীষ্ট আমাদের জন্য মৃত্যুবরণ করেছিলেন! তাঁর আত্মবলিদানের শোণিতে আমরা



যখন ধার্মিক প্রতিপন্ন হয়েছি, তখন আমরা সুনিশ্চিত যে তাঁর মাধ্যমে ঈশ্বরের ক্রোধ থেকে আমরা নিষ্কৃতি পাব! কারণ তাঁর মৃত্যুবরণের ফলশ্রুতিতে আমরা যখন শত্রু হয়েও ঈশ্বরের সঙ্গে

পুনর্মিলিত হয়ে বন্ধু হয়েছি তখন খ্রীষ্টের জীবনের দ্বারা আরও কত না সুনিশ্চিতভাবে পরিত্রাণ লাভ করব।

(রোমীয় ৫:৭-১০)

প্রকৃত বন্ধুর সন্ধান করুন

প্রিয় বন্ধু : গীতরচয়িতা দাউদ যেমন শাস্ত্রে ঈশ্বরের সন্ধান করেছিলেন, তেমনি আপনিও প্রভু যীশুকে আপনার “প্রকৃত বন্ধু”রূপে অনুসন্ধান করতে পারেন। তারপর আনন্দহীন পরিস্থিতিতে ঈশ্বরের প্রতিশ্রুতি আপনার অন্ধকারাচ্ছন্ন সময়কে পরিবর্তিত করে তাঁর আলো, আশা ও উৎসাহের খাতে বইয়ে দেবেন।

হরিণী যেমন শ্রোতস্বিনীর শীতল জলের আকাঙ্ক্ষায় আকুল হে প্রভু পরমেশ্বর, আমার প্রাণও তেমনি ব্যাকুল তোমারই প্রতীক্ষায়। ঈশ্বরের জন্য, জাগ্রত ঈশ্বরেরই জন্য

তৃষাতুর আমার প্রাণ। কবে আমি ঈশ্বরের সম্মুখে গিয়ে করব তাঁর শ্রীমুখ দর্শন?

(গীতসংহিতা ৪২:১-২)

প্রকৃত বন্ধু আপনার অতি নিকটেই

প্রভু যীশুকে আমাদের অনেক দূরে খুঁজতে যেতে হবে না। তিনি জীবিত ও জাগ্রত, তিনি আমাদের কাছেই আছেন। আমাদের শুধু তাঁকে “প্রকৃত বন্ধু”-রূপে আমাদের জীবনে আহ্বান করতে হবে। তিনি আমাদের দুঃখ বেদনার মাঝে শক্তি, সাহস ও আরাম দেবেন এবং



দেবেন অনন্ত জীবন, আমরা যার অনুসন্ধান করে চলেছি। শাস্ত্রে আমাদের এই প্রতিশ্রুতি দেওয়া হয়েছে :

শোন, আমি দুয়ারে দাঁড়িয়ে করাঘাত করছি। যে আমার ডাক শুনে দুয়ার খুলে দেয়, আমি ভেতরে তার কাছে যাব, তার

সঙ্গে পানাহার করব, সেও আমার সঙ্গে পানাহার করবে।

(প্রকাশিত বাক্য ৩:২০)

প্রভু যীশুকে আপনার “প্রকৃত বন্ধু”-রূপে গ্রহণ করে তাঁর সঙ্গে নতুন জীবনের অভিজ্ঞতা লাভ করুন!

Published by: BSI - THE TRUE FRIEND (EASA)
Bengali - 50S 0717/2020-21/50M
ISBN 81-221-3286-3 ISBN 978-81-221-3286-1

প্রকৃত বন্ধু

For more details please contact:

THE BIBLE SOCIETY OF INDIA
16 HALL ROAD
RICHARDS TOWN
BANGALORE - 560 005

BIBLE HOUSE
SYNOD CONFERENCE CENTRE
MISSION VENG, AIZAWL - 796 001
MIZORAM



THE BIBLE SOCIETY OF INDIA
206 M.G. ROAD, BANGALORE - 560 001



এই হাসপাতালে আপনারা সকলে স্বাগত!

প্রিয় বন্ধু, যখন আপনি বা আপনার কোনো প্রিয়জন অসুস্থ হন, কষ্ট পান তখন উদ্বেগ ও অস্থিরতা আপনাকে অস্থির করে তোলে, আপনি তখন কোনো বন্ধুর সঙ্গ পেতে চান, যে আপনার কষ্ট ও দুর্ভাবনায় আপনাকে সাহায্য করতে পারবে।

কিন্তু একজন প্রকৃত বন্ধু খুঁজে পাওয়া কি সহজ?

অনেকেই মুখে আনুগত্য প্রকাশ করে, কিন্তু প্রকৃত বিশ্বস্ত লোক খুঁজে পাওয়া কঠিন।

এমন অনেক বন্ধু থাকে যাদের ভালবাসা খাঁটি নয়, কিন্তু কেউ কেউ ভাইয়ের চেয়েও আপন হয়।

(হিতোপদেশ ২০:৬, ১৮:২৪)

প্রকৃত বন্ধু কে?

পবিত্র শাস্ত্রে বলা হয়েছে, একজন প্রকৃত বন্ধু ভালবাসা দেখায় এবং দুঃখে, বিপদে স্বেচ্ছায় এগিয়ে এসে তার অংশভাগী হয়।

বন্ধু নিয়তই তার ভালবাসার পরিচয় দেয়, বিপদের অংশীদার হওয়াই ভাইয়ের কর্তব্য।

(হিতোপদেশ ১৭:১৭)

এখানে একটি গল্প বলা হয়েছে, যেখানে দেখানো হয়েছে, প্রকৃত বন্ধু কে :

একসময় একটি লোক জেরুশালেম (প্যালেষ্টাইনের একটি নগর) থেকে জেরিকোয় যাচ্ছিল, পথে ডাকাতেরা তাকে আক্রমণ করল, তার কাপড়চোপড় খুলে নিয়ে তাকে খুব মারল, মেরে আধমরা করে ফেলে চলে গেল।

এই সময় একজন যাজক সেই রাস্তা দিয়ে যাচ্ছিল। সে আধমরা লোকটিকে দেখে রাস্তার অন্যদিক দিয়ে ঘুরে চলে গেল। ঠিক সেইভাবে একজন লেবীয় (যারা



মন্দিরের কাজে সাহায্য করে) এল, সেও তাকে দেখে অন্য দিক দিয়ে ঘুরে চলে গেল।

কিন্তু একজন শমরীয় সেই পথে এল এবং লোকটাকে দেখে এগিয়ে এল। তাকে দেখে তার খুব মায়া হলো। তার কাছে এসে তার ক্ষততে তেল আর সুরা দিয়ে ব্যাণ্ডেজ বেঁধে দিল, তারপর তার নিজের গাধায় তাকে চড়িয়ে একটা পান্থশালায় নিয়ে গিয়ে তাকে সেবা যত্ন করল। পরের দিন পান্থশালার মালিককে দুটো রৌপ্যমুদ্রা দিয়ে বলল, এর যত্ন নিও। যা কিছু বেশি খরচ হবে, ফেরার পথে আমি সব দিয়ে যাব। ”

গল্প শেষ করে যীশু বললেন, “তোমাদের মতে এই তিনজনের মধ্যে কে ঐ ডাকাতের হাতে পড়া লোকটির প্রতিবেশীর (একজন প্রকৃত বন্ধুর) কাজ করল?”

(লুক ১০:৩০-৩৬)

ওপরের গল্পটি পবিত্র শাস্ত্রের পুস্তক লুক থেকে নেওয়া হয়েছে।

প্রকৃত বন্ধু

আজকের দৈনন্দিন জীবনে ঐ শমরীয় ব্যক্তির মতো বন্ধু খুঁজে পাওয়া কঠিন। ঈশ্বরের বাণী, বাইবেল আমাদের নিশ্চয়তা দেয় যে, প্রভু যীশু খ্রীষ্টে আমরা প্রকৃত বন্ধু খুঁজে পেতে পারি। তিনি আমাদের সমস্ত সমস্যা বোঝেন এবং আমাদের সমস্ত উদ্বেগ এবং চিন্তা-ভাবনার ভার নিজের ওপরে তুলে নেবার জন্য আমাদের আমন্ত্রণ করেন। আমাদের বিপর্যস্ত জীবনে যে বিশ্রাম আমরা চাই, একমাত্র তিনিই তা দিতে পারেন। তাঁর বন্ধুত্বই প্রকৃত বন্ধুত্ব, স্থায়ী এবং চিরন্তন। দয়ালু শমরীয় প্রয়োজনের সময় তার সহপথিককে যে ভালোবাসা দেখিয়েছিল, তার চেয়েও তাঁর ভালোবাসা মহত্তর। প্রভু যীশু শাস্ত্রে আমাদের জন্য এই অপূর্ব প্রতিশ্রুতি দিয়েছেন :

“হে পরিশ্রান্ত ভারাক্রান্ত (জীবনের দুঃখ ভাবনায়) সকলে, আমার কাছে এস, আমি তোমাদের বিশ্রাম দেব।

আমার জোয়াল তোমার কাঁধে তুলে নাও, আমার কাছেই গ্রহণ কর শিক্ষা, কারণ আমি শান্ত ও নন্দ। তাহলে তোমরা জীবনে স্বস্তি পাবে। আমার জোয়াল সহজ, আমার দেওয়া ভারও লঘু।”

যে আমার কাছে আসে, তাকে আমি কখনও পরিত্যাগ করব না।

(মথি ১১:২৮-৩০, যোহন ৬:৩৭খ)

বন্ধুত্বের পরীক্ষা

আমাদের প্রতি যীশুর ভালবাসা চিরন্তন ও অপরিবর্তনীয়। পরীক্ষার মধ্যে দিয়ে গিয়ে তিনি তাঁর বন্ধুত্বের প্রমাণ দিয়েছেন। প্রকৃত বন্ধুত্ব বা ভালবাসার চরম পরীক্ষা হলো এই :

মানুষের পক্ষে বন্ধুর জন্য প্রাণ বিসর্জন দেওয়ার চেয়ে মহত্তর প্রেমের প্রকাশ আর কিছুতেই নেই।

(যোহন ১৫:১৩)

একজন প্রকৃত বন্ধুরূপে আমাদের প্রতি প্রভু যীশুর ভালোবাসা এত গভীর যে তিনি আমাদের সমস্ত পাপ, অপরাধ ও অন্যায় ক্ষমা করেছেন। তিনি আমাদের সমস্ত শাস্তি নিজে গ্রহণ করে আমাদের হয়ে মৃত্যুবরণ করেছেন। তিনি বাস্তবিকই “প্রকৃত বন্ধু”, ভাইয়ের চেয়েও অন্তরঙ্গ হয়ে তিনি আমাদের সঙ্গে লগ্ন হয়ে থাকেন।